

36

ইসলামী বিশ্ববিদ্যালয় ভিসির পদত্যাগপত্র

পেশ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ দুর্নীতি, অর্থ-আত্মসাৎ, দলীয়-
করণ, ক্ষমতার অপব্যবহার, মানসিক
ব্যবহারের মাধ্যমে ছাত্র-শিক্ষকের
উপর হামলা এবং বিশ্ববিদ্যালয়
পরিচালনার ব্যর্থতার অভিযোগে
(১৫শ পৃ ৬-এর কঃ দ্রঃ)

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (১ম পৃঃ পর)

শিক্ষক, কর্মচারী ও অধিকাংশ ছাত্র
সংগঠন ভিসি মুহাম্মদ ইনামউল
হকের অপসারণের দাবীতে দীর্ঘ দুই
মাস যাবৎ আন্দোলন অব্যাহত রাখার
প্রেক্ষিতে ভিসি গত রবিবার বিকালে
শিক্ষা মন্ত্রণালয়ে পদত্যাগপত্র জমা
দিয়েছেন। তবে গতকাল সোমবার
সরকারী ছুটি থাকায় বিষয়টি আনু-
ষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়সমূহের
চ্যান্সেলর প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ
করা হয় নাই বলিয়া সংশ্লিষ্ট সূত্রে
জানা গিয়াছে। তবে ভিসি ইনাম-উল-
হক সাংবাদিকদের গত রাত্রে জানা-
ইয়াছেন, পত্রে তিনি বিশ্ববিদ্যালয়ের
বর্তমান সংকট নিরসনকল্পে তাহার
পদত্যাগপত্র গ্রহণ অথবা যেকোন
প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য
সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করিয়া-
ছেন।

এদিকে ভিসির পদত্যাগ চূড়ান্ত
অথবা তাহার অপসারণের বিষয়টি
কার্যকর না হওয়া অবধি আন্দোলনরত
পক্ষগুলি তাহাদের কর্মসূচী প্রত্যা-
হার করিবে না বলিয়া গত রাত্রে
সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়াছে।
ভিসির পদত্যাগ গৃহীত হওয়ার
পূর্বেই তাহাকে পুনরায় সশস্ত্র প্রহরায়
ক্যাম্পাসে আনিয়া অবৈধ সুবিধাদি
আদায়ের ব্যাপারে গত তিনদিন
ধরিয়া 'বিশেষ মহল' তৎপরতা
চলাইতেছে। তবে ভিসি পরিস্থিতি
অনুকূলে না আসা পর্যন্ত ক্যাম্পাসে
আসিতে নারাজ।